দৈনিক জনকণ্ঠ

4

তারিখ JAN. 3 1. 2000

পৃষ্ঠা 2 কলাম 2

মন্ত্রিসভার বৈঠক

# ৬টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় কমিটি গঠন

মন্ত্রিসভার নিয়মিত বৈঠক রবিবার প্রধানমন্ত্রীর কার্যালয়ের মন্ত্রী সভাকক্ষে অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ বৈঠকে সভাপতিত্ব করেন। মন্ত্রিসভায় দেশে ছয়টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য প্রণীত আইনে খসড়াসমূহ আলোচনা করা হয়। এ খসড়া আইন চূড়ান্ত করার জন্য মন্ত্রিসভা একটি মন্ত্রিসভা কমিটি গঠন করেছে।

মন্ত্রিসভা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে পুনর্বিন্যাস করে বাংলাদেশ পানি উন্নয়ন সংস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে প্রণীত খসড়া আইন অনুমোদন করে।

এ ছাড়া মন্ত্রিসভা ক্যাডারবহির্ভূত গেজেটেড (১ম ও ২য় শ্রেণী) শুল্ক, আবগারি ও ভ্যাট একীভূত নিয়োগ আইনের খসড়া নীতিগতভাবে অনুমোদন করে।

মন্ত্রিসভার সদস্যবর্গ ও বিভিন্ন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রিগণ এ বৈঠকে অংশগ্রহণ করেন। মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্যসচিব ও সংশ্লিষ্ট সচিবগণ এ বৈঠকে উপস্থিত ছিলেন।– তথ্য বিবরণী।